গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
জনপ্রশাসন মন্ত্রণালয় এর অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	**ইসমাত আরা সাদেক, এম.পি.** **মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়**
তারিখ	:	**৩০.০১.২০১৮ খ্রি.**
সময়	:	**বেলা ১১.০০ টা।**
স্থান	:	**জনপ্রশাসন মন্ত্রণালয় এর সম্মেলন কক্ষ**
উপস্থিত সদস্য	:	**পরিশিষ্ট-ক**

সভাপতির অনুমোদনক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মো: মুয়াজ্জেম হোসাইন উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম, এম.পি.-এর সহধর্মিণী প্রয়াত শিলা ইসলাম-এর স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে এক মিনিট নিরবতা পালন করা হয়।

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) ২০১৮ সনের প্রথম সমন্বয় সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২০১৭ সনে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যে সকল গুরুত্বপূর্ণ কার্যক্রম সম্পাদন করা হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরেন যা নিম্নরূপ :

১. মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ‘জনপ্রশাসন পদক ২০১৭’ প্রদান;
২. ২০১৭ সনে ৩৫তম বিসিএস এ ২১২৫ জনসহ ৩২তম ও ৩৪তম বিসিএস এর ১০ জন অর্থাৎ মোট ২১৩৫ জন কর্মকর্তাকে বিভিন্ন ক্যাডারে নিয়োগ প্রদান;
৩. ২০১৭ সনে ২২ জন সচিব, ১৩৫ জন অতিরিক্ত সচিব, ১৯৭ জন যুগ্মসচিব ও ২৮৯ জনকে উপসচিব হিসেবে পদোন্নতি প্রদান;
৪. বিসিএস (প্রশাসন) ক্যাডারের ৫৫ জন কর্মকর্তাকে দেশের অভ্যন্তরে খন্ডকালীন বিভিন্ন কোর্সে উচ্চশিক্ষা গ্রহণের অনুমতি প্রদান, দেশের অভ্যন্তরে উচ্চশিক্ষা গ্রহণের জন্য ০৮ জন কর্মকর্তাকে প্রেষণ ও ০১ জন কর্মকর্তাকে শিক্ষাছুটি প্রদান, মন্ত্রণালয়ে কর্মরত সকল প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীর বছরে ৬০ ঘণ্টা প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ এবং বিয়াম ফাউন্ডেশনের প্রশাসন, ভৌত অবকাঠামো উন্নয়ন ও অন্যান্য কার্যাবলি সম্পাদন;
৫. হালনাগাদকৃত স্বশাসিত প্রতিষ্ঠানের জন্য একইরূপ চাকরির প্রবিধানমালা প্রণয়ন এবং চাকরির প্রবিধানমালা প্রণয়নের বিষয়ে নির্দেশনা জারি, ৩৫তম বিসিএস পরীক্ষায় কারিগরি ও পেশাগত ক্যাডারে অপূরণকৃত ৩৩৮টি সংরক্ষিত পদ এবং ৩৬তম বিসিএস এর ২১৮০টি শূন্য পদ ৩৬তম বিসিএস এর মাধ্যমে পূরণের জন্য পদ সংরক্ষণসংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের স্মারকের শর্ত এককালীন শিথিলকরণপূর্বক সার্কুলার জারি;
৬. সরকারের উপসচিবদের সার্বক্ষণিক সরকারি গাড়ি ব্যবহারে প্রাধিকার প্রদান, সরকারের উপসচিবদের অন্তর্ভুক্ত করে ‘প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা, ২০১৭ (সংশোধিত)’ জারি এবং নীতিমালা জারি হওয়ার পর প্রায় ১২০০ জন প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার আবেদন গ্রহণ;
৭. বাংলাদেশ সিভিল সার্ভিস (পদোন্নতির জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৭ অধিকতর সংশোধন করে এস, আর ও নং ২৬৬-আইন/২০১৭ প্রজ্ঞাপন জারি;
৮. ২০১৭ সনের জনপ্রশাসন মন্ত্রণালয় ও অধীন দপ্তর/পরিদপ্তর/অধিদপ্তর/সংস্থা ও কার্যালয়ের রাজস্ব খাতের সরাসরি নিয়োগযোগ্য বিভিন্ন শ্রেণির মোট ৯৮৬টি পদ পূরণের জন্য ছাড়পত্র প্রদান, ০৭ জন কর্মচারীকে আত্তীকরণ, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের চাহিদার প্রেক্ষিতে ৩৬১৬৭টি পদ সৃজন, ২০৬৩৬০টি পদ সংরক্ষণ, ৮৯৩২ টি পদ স্থায়ীকরণ, ৩৪টি পদের পদবি পরিবর্তন, ৯টি পদ উন্নীতকরণ, ৬১৮টি পদ বিলুপ্তিকরণ এবং টিওএন্ডইতে ৫২৫৫টি যানবহন অন্তর্ভুক্ত করা হয়েছে;
৯. ২০১৭ সালে বিধি অনুবিভাগ হতে ৭৮ টি আইন/নীতিমালা, ৩৬টি নিয়োগ বিধিমালা, ১৪টি নিয়োগ প্রবিধানমালা, ৩৫৩টি বিভিন্ন বিষয়ভিত্তিক চূড়ান্ত মতামত প্রদান করা হয়েছে এবং ২৫টি রিট মামলার জবাব প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে। এছাড়া ০২টি বিশেষ বিধিমালা প্রণয়ন করা হয়েছে;
১০. ৪র্থ শ্রেণি হতে ৩য় শ্রেণির পদে ০৬ জন (২০ হতে ১৬তম গ্রেডে) এবং ৩য় শ্রেণি হতে ২য় শ্রেণির (১৬ হতে ১০ম গ্রেডে) পদে ০৬ জন মোট ১২ জন কর্মচারীকে পদোন্নতি এবং ৩য় ও ৪র্থ শ্রেণির (২০ হতে ১১ তম গ্রেডে) পদে ৬৯ জনের নিয়োগ প্রদান, ৩২০টি অবসর ভাতা মঞ্জুরীর আবেদন নিষ্পত্তি, ৬২১টি সাধারণ ভবিষ্য তহবিল অগ্রিম ঋণ মঞ্জুরি প্রদান এবং বিভিন্ন ধরনের ১২টি ঋণ মঞ্জুর;

১১. ২০১৭ সনে ৭৫২টি রিট মামলার নথি খোলা হয়, ৪৪টি কনটেম্পট মামলা পরিচালনা, ১৬১টি মামলার দফা ওয়ারী জবাব প্রস্তুতের লক্ষ্যে তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়;

১২. বি.সি.এস (প্রশাসন) ক্যাডারের সহকারী সচিব থেকে তদূর্ধ্ব, অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব থেকে তদূর্ধ্ব এবং নন-ক্যাডার সহকারী সচিব থেকে তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের বিরুদ্ধে প্রাপ্ত আচরণ ও শৃঙ্খলাজনিত অভিযোগসমূহের ভিত্তিতে ২০১৭ সনে রুজুকৃত ৩০টি এবং পূর্বের ৩৮টি সহ মোট ৬৮টি বিভাগীয় মামলার মধ্যে ১ জন কর্মকর্তাকে গুরুদন্ড, ৬ জন কর্মকর্তাকে লঘুদন্ড ও ১৪ জন কর্মকর্তাকে অব্যাহতি প্রদানপূর্বক মোট ২১ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে।

১৩. 'সরকারি কাজে ব্যাবহারিক বাংলা' শীর্ষক পুস্তিকার ২য় সংস্করণ, 'সরকারি কাজে প্রমিত বাংলা ব্যবহারের নিয়ম' শীর্ষক পুস্তিকা, Statistics of Civil Officers and Staff, 2016' শীর্ষক পুস্তিকা প্রকাশ করা হয়েছে।

এ পর্যায়ে সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২০১৭ সনের সম্পাদিত কার্যক্রম বিস্তারিত তুলে ধরা হয় এবং 'ফিরে দেখা ২০১৭' শিরোনামে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ কার্যক্রমের ছবিচিত্র উপস্থাপন করা হয়। সিনিয়র সচিব তাঁর প্রারম্ভিক বক্তব্যে বলেন যে, তিনি তাঁর সর্বোচ্চ আন্তরিকতা ও দক্ষতার মাধ্যমে সকলের সহযোগিতায় ২০১৭ সনে বেশকিছু গুরুত্বপূর্ণ কাজ করতে সক্ষম হয়েছেন। প্রতি রবিবার সকাল ০৯.০০ টায় যুগ্মসচিব ও তদূর্ধ্ব কর্মকর্তাদের নিয়ে সভা করার মাধ্যমে তিনি মন্ত্রণালয়ের যাবতীয় কাজের সমন্বয় সাধন করেছেন। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাফল্যের জন্য তিনি মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানান।

মাননীয় প্রতিমন্ত্রী তাঁর সূচনা বক্তব্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাফল্য এবং অগ্রগতি নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করেন। ২০১৮ সন বর্তমান সরকারের মেয়াদকালের শেষ বছর উল্লেখ করে তিনি সকলকে SDG'র লক্ষ্যসমূহ অর্জনে আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে কর্মসম্পাদনের আহ্বান জানান।

অতঃপর ২৬.১০.২০১৭ তারিখ অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অগ্রগতি ও কার্যক্রম বিষয়ে আলোচনা শুরু করা হয়।

১। ২৬.১০.২০১৭ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

২। ২৬.১০.২০১৭ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	**শাখা/অধিশাখা পরিদর্শন** ক. শূন্য পদে জনবল পদায়ন ধারাবাহিক প্রক্রিয়া। পর্যায়ক্রমে শূন্য পদে জনবল পদায়ন করা হচ্ছে। সকল শাখা/অধিশাখায় গার্ড ফাইল হালনাগাদকরণ/ডিজিটাল নম্বর প্রদান করা হয়। আসবাবপত্র ও কম্পিউটার সামগ্রী সরবরাহ এবং প্রয়োজনীয় মেরামত/সংস্কার কাজ অব্যাহত আছে। সিনিয়র সচিব শূন্য পদ এবং অকেজো মালামাল মেরামত/ সংস্কারের বিষয়ে বলেন, অকেজো মালামাল মেরামত/সংস্কার করা হয়েছে তার সঠিক হিসাব সংরক্ষণ করা জরুরি এবং শূন্য পদসমূহ দ্রুত পূরণের ব্যবস্থা করতে হবে।	ক. আগামী সমন্বয় সভায় অকেজো মালামাল বিক্রয়, মেরামত/সংস্কারের সঠিক হিসাব দিতে হবে। শূন্য পদসমূহ দ্রুত পূরণের লক্ষে শূন্য পদে জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন)
	খ. ভবন নং-৩, ২য় তলা কক্ষ নং-১০৮, ২৪ নং টিনশেডে গ্রহণ ও বিতরণ ইউনিট, বাজেট পরিবীক্ষণ শাখা, পরিকোষ-৪ শাখাকে কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত করার জন্য গণপূর্ত (ই/এম) বিভাগকে অনুরোধ করা হয়েছে। ভবন নম্বর-৭ এর নীচ তলায় অবস্থিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপি-১ ও ২ শাখায় শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন করা প্রয়োজন। সিনিয়র সচিব এ বিষয়ে বলেন, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বর্তমানে বিলাসি পণ্য নয়, এটি কর্মপরিবেশ সৃষ্টির জন্য অত্যাবশ্যক। শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র লাগানো যেতে পারে তবে টিওএন্ডইতে	**খ.** প্রয়োজনীয়তার নিরিখে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র স্থাপন করতে হবে এবং তা টিওএন্ডইতে অন্তর্ভুক্ত করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন/সওব্য)

	অন্তর্ভুক্ত করতে হবে। গ. জনপ্রশাসন ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর হতে নকশা সংগ্রহ করতে হবে। স্থাপত্য অধিদপ্তর দ্রুত নকশা প্রদান করতে অপারগ হলে প্রয়োজনে আউট সোর্সিং এর মাধ্যমে নকশা প্রণয়নের কাজ জরুরি ভিত্তিতে সম্পন্ন করা যেতে পারে।	গ. স্থাপত্য অধিদপ্তর দ্রুত নকশা প্রদান না করতে পারলে আউট সোর্সিং এর মাধ্যমে নকশা প্রণয়নের কাজ দ্রুত সমাপ্ত করে জনপ্রশাসন ভবন নির্মাণের বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন)
২.২	**ই-ফাইলিং কার্যক্রম** জনপ্রশাসন মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইল (নথি) ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। সকল শাখা/ অধিশাখায় ই-নথি উপস্থাপন কার্যক্রম চলমান রয়েছে। ই-ফাইলিং কার্যক্রম বেগবান করার জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে সকল মন্ত্রণালয়/বিভাগের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অবস্থান নবম স্থানে (রিপোর্ট ৩১ ডিসেম্বর ২০১৭)। ই-ফাইলিং সিস্টেম বাস্তবায়নের জন্য কারিগরি সহায়তা প্রদান এবং তদারকি করার জন্য উইংওয়ারী কর্মকর্তাদের দায়িত্ব প্রদান করা হয়েছে।	ই-ফাইলিং কার্যক্রমকে আরও বেগবান করার জন্য সকল শাখা/অধিশাখার কর্মকর্তাদেরকে সচেষ্ট হতে হবে। ই-ফাইলিং কার্যক্রমে মন্ত্রণালয়ের অবস্থান প্রথম হতে পঞ্চম স্থানের মধ্যে আনতে হবে।	অনুবিভাগ প্রধান (সকল) কর্মকর্তা (সকল)
২.৩	**নথির শ্রেণি বিন্যাস** সকল শাখা-অধিশাখার নথিসমূহ যথাযথভাবে শ্রেণিবিন্যাস কার্যক্রম চলমান। পুরনো নথিসমূহ শ্রেণিবিন্যাস না হয়ে থাকলে দ্রুত তা শ্রেণিবিন্যাস করতে হবে এবং আগামী সমন্বয় সভার পূর্বে তা সমাপ্ত করতে হবে।	পুরনো নথিসমূহ শ্রেণিবিন্যাসের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে এবং আগামী সভায় তা উল্লেখ করতে হবে।	শাখা/অধিশাখা প্রধান (সকল) যুগ্মসচিব (সকল)
২.৪	**অনিষ্পন্ন বিষয়** জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত ২৬০টি অনিষ্পন্ন পেনশন কেইস নিষ্পত্তি করা হয়েছে। ২১টি পেনশন কেইস অনিষ্পন্ন রয়েছে। অনিষ্পন্ন থাকার কারণসমূহের মধ্যে রয়েছে সরকারী গাড়ি অথবা সরকারী আবাসনের বিগত তিন বছরের না-দাবীপত্র জমা দেননি-১টি, চাকুরীর বিবরণী/ইএলপিসি/সরকারী বাসার/বিগত তিন বছরের না-দাবীপত্র জমা দেননি- ১টি, শৃংখলা/দুর্নীতিসংক্রান্ত মামলা রুজু থাকায়-১৫টি, শৃংখলা-১ শাখার না-দাবীপত্র পাওয়া যায়নি-১টি, অডিট আপত্তির প্রতিবেদন না পাওয়ার জন্য-০৩টি। অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, এক সপ্তাহের মধ্যে অনিষ্পন্ন কেইসসমূহ নিষ্পত্তির কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। সিনিয়র সচিব এ বিষয়ে বলেন, পি আর এল এবং অবসর প্রাপ্ত কর্মকর্তাদের জন্য কল্যাণ ডেস্ক স্থাপন করা হয়েছে, যা দ্রুত কার্যকর করতে হবে।	অনিষ্পন্ন পেনশন কেইসসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। এছাড়া ১ মাসের মধ্যে কর্মকর্তা ও স্টাফ পদায়ন করে কল্যাণ ডেস্কের কার্যক্রম গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন-৫)

২.৫	**শূন্য পদে জনবল নিয়োগ** ক. ৩৫তম বিসিএস এর ৪০ জন প্রার্থীর মধ্যে ১ জন প্রার্থীর নিয়োগ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৩৯ জন প্রার্থীর পরিপূর্ণ তথ্য পাওয়ার পর কার্যক্রম গ্রহণ করা হবে। অতিরিক্ত সচিব (এপিডি) বলেন, ৩৫তম বিসিএস এর ৩৯ জন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট না পাওয়ায় তাদেরকে নিয়োগ প্রদান করা সম্ভব হচ্ছে না । সিনিয়র সচিব বলেন, বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট দ্রুত প্রদানের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র দিতে হবে।	ক. ৩৫তম বিসিএস এর ৩৯ জন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সংগ্রহ করে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে পত্র দিতে হবে।	অতিরিক্ত সচিব (এপিডি)
	খ. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি দপ্তরসমূহের বিদ্যমান জনবল এবং শূন্য পদের হালনাগাদ বিবরণ প্রতি ৩ মাস অন্তর অন্তর একটি নির্দিষ্ট ছকে তথ্য সংগ্রহের কাজ অব্যাহত রয়েছে। “Statistics of Civil Officers and Staff, 2016” শীর্ষক পুস্তিকা প্রকাশ করা হয়েছে এবং “Statistics of Civil Officers and Staff, 2017” শীর্ষক পুস্তিকার প্রাপ্ত তথ্যের ম্যানুয়াল ডাটা এন্ট্রির কাজ চলমান। ৩১/০১/২০১৮ তারিখের মধ্যে ম্যানুয়াল ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন হবে।	খ. মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি দপ্তরসমূহের বিদ্যমান জনবল এবং শূন্য পদের হালনাগাদ বিবরণ প্রতি ৩ মাস অন্তর অন্তর সংগ্রহপূর্বক শ্রেণিভিত্তিক সংখ্যা নির্ণয় করতে হবে। “Statistics of Civil Officers and Staff, 2017” শীর্ষক পুস্তিকা প্রকাশের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।	অতিরিক্ত সচিব (সংস্কার ও গবেষণা)
	ক্যাডার কর্মকর্তাদের পিডিএস/ডাটাবেইজ হালনাগাদকরণ বাংলাদেশ সিভিল সার্ভিসের ২৭টি ক্যাডারে এ পর্যন্ত সর্বমোট ৪৪৩৮৩ জন কর্মকর্তার রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে এবং ৪৩৬৪৫ জনকে নতুন আইডি প্রদান করা হয়েছে। যা পূর্ববর্তী সমন্বয় সভায় উপস্থাপিত তথ্য হতে ৫৫ জন বেশি। পি.এম.আই.এস. হালনাগাদ ও অন্যান্য সফটওয়্যার তৈরি ও বাস্তবায়নের জন্য কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ইতোমধ্যে মন্ত্রণালয়ের সকল কর্মচারীর ডাটাবেইজ প্রস্তুত করে ৭৩ জন এও/পিও এবং ১২ জন তৃতীয় শ্রেণির কর্মচারীর পি.ডি.এস. এন্ট্রির কাজ সম্পন্ন করা হয়েছে । যুগ্মসচিব (পিএসিসি) বলেন, পিএসিসিতে নতুন কিছু সফট্ওয়্যার ও অন্যান্য সামগ্রী ক্রয় করা প্রয়োজন। এর জন্য বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। Phase by Phase ক্রয় করা হবে। পিএসিসির সামগ্রিক উন্নয়নের কাজ শেষ হতে প্রায় ৪ বছর লাগবে।	সকল কাড্যার কর্মকর্তাদের ছবিসহ রেজিস্ট্রেশন দ্রুত সম্পন্ন করতে হবে। এছাড়া মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারীদের পিডিএস হালনাগাদ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন/ সি.পি.টি./ পি.এ.সি.সি
২.৮	**অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি** বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। বিভাগীয় মামলায় তদন্ত কর্মকর্তা নিয়োগপত্রে উল্লেখ করা হয় যে, তদন্ত কর্মকর্তা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(৪) বিধি অনুযায়ী তদন্তের আদেশ প্রাপ্তির তারিখ হতে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তদন্ত কাজ শুরু করবেন। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(১০) ও ১০ বিধি এবং অন্যান্য প্রাসঙ্গিক বিধি-বিধান অনুসরণ করে বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহের বিষয়ে বিস্তারিত তদন্ত করে সুস্পষ্ট মতামত দিবেন। তদন্ত কার্য	বিভাগীয় মামলার নিষ্পত্তি করণে গতিশীলতা আনতে হবে এবং নিয়মিত কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত)

	সমাপ্ত করার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করবেন। বি.সি.এস (প্রশাসন) ক্যাডারের সহকারী সচিব থেকে তদূর্ধ্ব, অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব থেকে তদূর্ধ্ব এবং নন-ক্যাডার সহকারী সচিব থেকে তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের বিরুদ্ধে প্রাপ্ত আচরণ ও শৃঙ্খলাজনিত অভিযোগসমূহের ভিত্তিতে ২০১৭ সালে রুজুকৃত ৩০টি এবং পূর্বের ৩৮টি সহ মোট ৬৮টি বিভাগীয় মামলার মধ্যে ১ জন কর্মকর্তাকে গুরুদন্ড, ৬ জন কর্মকর্তাকে লঘুদন্ড এবং ১৪ জন কর্মকর্তাকে অব্যাহতি প্রদানপূর্বক মোট ২১টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। অন্য বিভাগীয় মামলাসমূহের শৃঙ্খলা ও আপিল বিধি মোতাবেক নিষ্পত্তির কার্যক্রম চলছে। ২০১৭ সনে পূর্ববর্তী জেরসহ আচরণ ও শৃঙ্খলাজনিত মোট ৩৯৩টি অভিযোগ পাওয়া যায়, যার মধ্যে মোট ৩৮৯টি অভিযোগ নিষ্পত্তি হয়েছে। ৪টি মামলা অনিষ্পন্ন রয়েছে।		

৩.০ বিবিধ

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	**নাগরিক সেবায় উদ্ভাবন** বেসিক আইসিটি কোর্স ও মোবাইল কোর্ট কোর্স পরীক্ষামূলকভাবে চালু করার নিমিত্ত কার্যক্রম চলমান রয়েছে। ৮টি উদ্ভাবনী ধারণার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুযায়ী প্রতিবেদন প্রেরণ করা হয়েছে; পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সংশোধিত আকারে অর্থবছর ভিত্তিক ২০১৭-১৮ অর্থবছরের জন্য ৭টি উদ্ভাবন কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মানসম্মত, দৃশ্যমান ও সৃজনশীল উদ্ভাবনী ধারণা প্রণয়ন এবং টেলিফোন নির্দেশিকার অ্যাপস্ তৈরি করার কার্যক্রম প্রক্রিয়াধীন। মাঠপর্যায়ের কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্যোগের তথ্য সংগ্রহের নিমিত্ত সর্বশেষ ২৬/১২/২০১৭ তারিখে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ইনোভেশনসমূহ নির্ধারণ করে শো'কেসিং এর উদ্যোগ গ্রহণ করা হবে। সরকারি যানবাহন অধিদপ্তর, বিয়াম ফাউন্ডেশন, সরকারি কর্মচারী হাসপাতাল এবং বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি থেকে বাস্তবায়নাধীন ইনোভেশন তালিকা পাওয়া গেছে। সকল দপ্তর/সংস্থা থেকে তালিকা পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। ইনোভেশন সম্পর্কে ভাল কাজ করছেন, এ ধরনের কর্মকর্তাদের বর্তমান কর্মস্থলের চেয়ে আরও অধিক গুরুত্বপূর্ণ পদে পদায়ন এবং যারা দীর্ঘদিন প্রত্যন্ত অঞ্চলে কর্মরত আছেন, তাদেরকে ঢাকায় অথবা ঢাকার আশেপাশে পদায়ন কার্যক্রম অব্যাহত আছে। পাশাপাশি মাঠ পর্যায়ে যে সমস্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ আছে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহন অব্যাহত আছে। এস.ডি.জি. এর লক্ষ্য মাত্রা ১৬.৭ অর্জনে মুখ্য মন্ত্রণালয় হিসাবে	ক. টেলিফোন নির্দেশিকার অ্যাপস্ তৈরি করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। খ. সকল দপ্তর/সংস্থা থেকে বাস্তবায়নাধীন ইনোভেশন তালিকা সংগ্রহপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। গ. কোন এক জেলায় যা ইনোভেশন হিসেবে স্বীকৃতি পেয়েছে তা অন্য সব জেলায় বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঘ. এস.ডি.জি. অর্জনে গৃহীত কর্মসূচি দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	**যুগ্মসচিব (পিএসিসি)** **চিফ ইনোভেশন অফিসার ও যুগ্মসচিব (সিপি)** **চিফ ইনোভেশন অফিসার/ উদ্ভাবনী ধারণা উপস্থাপনকারী কর্মকর্তা** **অতিরিক্ত সচিব (উন্নয়ন)**

	জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত চূড়ান্ত কর্মপরিকল্পনা গত ২০/০৯/২০১৭ তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে এবং তা বাস্তবায়নের কার্যক্রম চলমান।		

৪.০ মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.১	**মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন** সামরিক শাসন আমলে জারিকৃত জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত ১৯টি অধ্যাদেশের মধ্যে আইনে পরিণত করার প্রয়োজন নেই এ ধরনের নিম্নবর্ণিত ৫টি অধ্যাদেশ অকার্যকর বিবেচনায় বাদ দেওয়ার নিমিত্ত মতামত প্রদানের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগকে অনুরোধ করা হয়েছেঃ (i) The Government Servants (review of Penalties) Ordinance, 1975 (ii) The Government Servants (Review of Penalties) (Dissolution of Review Board) Ordinance, 1978 (iii) The Government of Bangladesh (Services) (Repeal) Ordinance, 1975 (iv) The District Administration (Repeal) Ordinance. 1975 (v) The Government of Bangladesh (Services Screening) (Repeal) Ordinance, 1977 . একাধিকবার তাগিদ দেওয়ার পরও মতামত পাওয়া যায়নি। ১৯.১০.২০১৭ তারিখে সর্বশেষ তাগিদ প্রদান করা হয়েছে।	সামরিক শাসন আমলে জারিকৃত জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত ১৯টি অধ্যাদেশের মধ্যে ১২টি অধ্যাদেশ দ্রুততার মধ্যে আইনে পরিণত করার কার্যক্রম গ্রহণ করতে হবে এবং আইনে পরিণত করার প্রয়োজন নেই এ ধরনের ৫টি অধ্যাদেশ অকার্যকর বিবেচনায় বাদ দেওয়ার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (এ.পি.ডি./ সি.পি.টি./বিধি/ আইন)

০৫ দপ্তর/সংস্থা

৫.১ বি.সি.এস. (প্রশাসন) একাডেমি

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.১.১	**শূন্য পদ পূরণ** রেক্টর, বি.সি.এস. (প্রশাসন) একাডেমি বলেন, একাডেমির ১৩টি ক্যাটাগরির ২০টি শূন্য পদে ছাড়পত্র প্রদানের কাজ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। ছাড়পত্র পাওয়া গেলে দ্রুত শূন্য পদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	বি.সি.এস. (প্রশাসন) একাডেমির শূন্য পদগুলো দ্রুত পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	রেক্টর, বি.সি.এস. (প্রশাসন) একাডেমি

৫.২ বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বি.পি.এ.টি.সি.)

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.২.১.	**শূন্য পদ পূরণ** বিপিএটিসি'র শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। শূন্য পদসমূহ তিনভাবে পূরণ করা হয় যেমন-পদোন্নতির মাধ্যমে, প্রেষণে এবং সরাসরি নিয়োগের মাধ্যমে।	নিয়োগবিধি অনুসরণপূর্বক বিপিএটিসির শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।	রেক্টর, বি.পি.এ.টি.সি.
৫.২.২.	**বি.পি.এ.টি.সি'র উন্নয়ন কার্যক্রম** ক) বি.পি.এ.টি.সি'র উন্নয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। বিপিএটিসি'র আন্তর্জাতিক প্রশিক্ষণ কমপ্লেক্স এর উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ ২৯.২৭% সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে ৪র্থ তলার	বি.পি.এ.টি.সি'র উন্নয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	রেক্টর, বি.পি.এ.টি.সি

	উপরে ৮ম তলা পর্যন্ত ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ফেব্রুয়ারি ২০১৮ সনের মধ্যে ১০ম তলার ছাদ ঢালাই সম্পন্ন হবে। ডরমিটরি-২ এর শতভাগ কাজ শেষ হয়েছে এবং ৩ নম্বর ডরমিটরির ৭ম ও ৮ম তলার সম্প্রসারণ কাজ ৯৫% সম্পন্ন হয়েছে।		

৫.৩ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.৩.১	**কর্মচারী কল্যাণ বোর্ডের জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণ** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্পসংক্রান্ত সারসংক্ষেপসহ একটি থ্রি-ডি অডিও-ভিজুওয়াল প্রেজেন্টেশন তৈরি করা হয়েছে। নকশা দেখানোর জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নিকট হতে সময় পাওয়ার প্রক্রিয়া চলমান। মাননীয় প্রধানমন্ত্রীকে দেখানোর পর ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে।	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্পের নকশা মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে ব্রিফ করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	**মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড** **অতিরিক্তসচিব (উন্নয়ন)**

৫.৪ মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.৪.১	**শূন্য পদে নিয়োগ** ক. মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ৭৯ জন দৈনিক শ্রমিক কর্তৃক দায়েরকৃত রিট নম্বর- ৪১৩৬/২০১৪-হতে উদ্ভূত রিভিউ পিটিশন নম্বর-২২/২০১৫ এর ১০/১২/২০১৫ তারিখে ঘোষিত রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল দায়ের করার লক্ষ্যে রায়ের জাবেদা নকল ও আপিলের গ্রাউন্ডসহ সলিসিটর উইং এ প্রেরণ করা হয়েছে। এছাড়া অধিদপ্তরের ৯৫ জন দৈনিক শ্রমিক কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-১১৪২/২০১৫ এর ১৬/০২/২০১৫ তারিখের রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগের সিভিল পিটিশন নং-৩১৮৮/২০১৬ দায়ের করা হয়েছে। সিনিয়র সচিব বলেন, যারা রিট করেছে তাদের পদসমূহ সংরক্ষণ করে অন্যান্য পদসমূহ পূরণের ব্যবস্থা করা প্রয়োজন। **খ. বিজ্ঞি প্রেসের অটোমেশন** যাচাই কমিটির সিদ্ধান্ত এবং দিক নির্দেশনা মোতাবেক প্রকল্পে অতিরিক্ত দায়িত্বে জনবল নিয়োগের নিমিত্ত অর্থ বিভাগের অনুমোদন গ্রহণের জন্য মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের স্মারক নং- ০৫.০৪. ০০০০. ০১১. ০৭. ১১৩. ১৪-১৫/৩২৮২ তারিখ-০২-১১-২০১৭ এবং স্মারক নম্বর ০৫.০৪. ০০০০.০১১.০৭.২২১.১৪-১৫/৩৩২৮ তারিখ-০৬-১১-২০১৭-এর মাধ্যমে প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে জনবল নিয়োগের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯-১১-২০১৭ তারিখের ০৫.০০. ০০০০. ২৪০. ১৪. ০১২. ১৫.(অংশ-১)-১৯৮, নম্বর স্মারকের মাধ্যমে অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে।	ক. যারা রিট করেছে তাদের পদসমূহ সংরক্ষণ করে অন্য পদসমূহে নিয়োগ দেওয়া যাবে কিনা এ বিষয়ে আইন অনুবিভাগের মতামত গ্রহণপূর্বক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে।	**মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর** **অতিরিক্ত সচিব (আইন)**

I.S.

৫.৫ সরকারি যানবাহন অধিদপ্তর

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.৫.১	**অকেজো গাড়ি নিলামে বিক্রয়** ক. অকেজো ঘোষিত গাড়িসমূহ নিলামে বিক্রির কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া, যা অব্যাহত আছে। অকেজো ঘোষিত যানবাহন অন্য সরকারি সংস্থায় বিনামূল্যে হস্তান্তর করার বিষয়ে নীতিমালার খসড়া প্রস্তুত করার জন্য ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম অব্যাহত আছে। ০৫-০৬ মে ২০১৮ তারিখ ঢাকায় অনুষ্ঠেয় ওআইসি পররাষ্ট্র মন্ত্রণালয়ের ৪৫তম সম্মেলনে আগত পররাষ্ট্র মন্ত্রী ও ওআইসি সংস্থা প্রধানগণের ব্যবহারের জন্য ৩০টি বিএমডব্লিউ সেডান কার ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ওসমানী স্মৃতি মিলনায়তনের পশ্চিম পার্শ্বে পরিবহন পুলের অধীন সরকারি যানবাহন মেরামত কারখানার জায়গায় বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে গত ২৪/০৯/২০১৭ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় স্থাপত্য অধিদপ্তরকে চূড়ান্ত নকশা প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। চূড়ান্ত নকশা অনুমোদনের পর পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।	**ক.** অকেজো ঘোষিত যানবাহন সরকারি সংস্থায় বিনামূল্যে হস্তান্তর করার বিষয়ে নীতিমালা প্রস্তুতের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। **খ.** সরকারি যানবাহন মেরামত কারখানার জায়গায় বহুতল কার পার্কিং এর নকশা স্থাপত্য অধিদপ্তর থেকে সংগ্রহের কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে। গ. বরাদ্দকৃত বাজেটে (সার্কুলার ৫৬ লক্ষ টাকা, ১ম গ্রেড না হলে) মাঠ পর্যায়ে কমিশনার, ডিসি, উপজেলা নির্বাহী অফিসারদের জন্য ব্যবহার উপযোগী গাড়ি ক্রয় করা যাচ্ছে না। মাঠ পর্যায়ে ব্যবহার উপযোগী গাড়ি ক্রয়ের লক্ষ্যে বরাদ্দ বৃদ্ধির বিষয়ে অর্থ বিভাগকে পত্র দিতে হবে।	পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর। পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর। অতিরিক্ত সচিব (প্রশাসন)

৫.৬ বিয়াম ফাউন্ডেশন

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.৬.১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। বিয়াম ফাউন্ডেশনে বর্তমানে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের ০২ (দুই) মাস মেয়াদী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, মন্ত্রিপরিষদ বিভাগের ক্যাপাসিটি ডেভোলপমেন্ট কর্মসূচীর আওতায় Business English Communication Skills প্রশিক্ষণ কোর্স, Skills and Training Enhancement Project (STEP) এর আওতায় বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডার কর্মকর্তাদের প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে। মহাপরিচালক বিয়াম ফাউন্ডেশন বলেন, ঢাকাসহ সারাদেশে ১৯টি বিয়াম স্কুল এন্ড কলেজ রয়েছে। ঢাকাস্থ বিয়াম ভবন ক্যাম্পাসে টিন শেড ভবনের স্থানে নতুন ভবন নির্মাণ বিষয়ে স্থাপত্য বিধি অনুযায়ী সেখানে নতুন ভবন নির্মাণ সম্ভব নয় মর্মে প্রধান স্থপতি মতামত দেওয়ায় প্রকল্পটি বাস্তবায়নের কার্যক্রম নেয়া সম্ভব হচ্ছে না। মহাপরিচালক আরও জানান, হাতিরঝিল প্রকল্পের রাস্তা ব্যবহার করলে বিকল্প গেট ব্যবহারের মাধ্যমে প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য অনুরূপ ভবন নির্মাণ করা সম্ভব হবে মর্মে অনানুষ্ঠানিকভাবে বেসরকারি স্থপতি মতামত ব্যক্ত করেছেন। প্রধান স্থপতি কর্তৃক সরেজমিন পরিদর্শন এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নেতৃত্বে প্রধান স্থপতির সাথে একটি সভা করে আলোচনার মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করা যায়।	বিয়াম ফাউন্ডেশনে নতুন ভবন নির্মাণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিয়াম ফাউন্ডেশন এবং স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধি সমন্বয়ে জরুরি ভিত্তিতে সভা করে সিদ্ধান্ত চূড়ান্ত করতে হবে।	মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন

I.S.

৫.৭ সরকারি কর্মচারী হাসপাতাল

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৫.৭.১	ক. সরকারি কর্মচারী হাসপাতালটিকে ১৫০ শয্যা হতে ৫০০ শয্যায় উন্নীত এবং আধুনিক বিশেষ হাসপাতাল করার বিষয়টি ১৬.০১.২০১৮ তারিখ হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপিত হয়েছে। সরকারি কর্মচারী হাসপাতালটিকে বিশেষ হাসপাতালে উন্নীতকরণের লক্ষ্যে আগামী ০৫ বছরের জন্য প্রয়োজনীয় বিভিন্ন বিভাগ স্থাপন ও সকল যন্ত্রপাতি সংগ্রহের জন্য চাহিদাপত্র মোতাবেক ডিপিপি প্রস্তুতি প্রক্রিয়াধীন রয়েছে। পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল বলেন, হাসপাতালটির বর্তমান অবস্থা ভাল। এখানে পর্যাপ্ত সংখ্যক বিশেষজ্ঞ ডাক্তার, নার্স, মেডিকেল অফিসার, ওয়ার্ডবয়, ক্লিনার এবং জনবল রয়েছে। ভবনের উর্ধ্বমুখী সম্পসারণ করে ১৫০ শয্যা থেকে ৫০০ শয্যায় উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পর্যায়ক্রমে হাসপাতালটিকে সর্বাধুনিক হাসপাতালে পরিণত করার ব্যবস্থা নিতে হবে।	ক. সরকারি কর্মচারী হাসপাতালটি সর্বক্ষেত্রে উন্নত এবং আধুনিকায়ন করতে হবে এবং ১৫০ শয্যা থেকে পর্যায়ক্রমে ৫০০ শয্যায় উন্নীত করার পরিকল্পনা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ) পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল।

৬. **মাননীয় প্রতিমন্ত্রীর নির্দেশনা:**

১. এসডিজি'র লক্ষ্য অর্জন বিষয়ে অধিক গুরুত্ব দিতে হবে;
২. শূন্য পদ পূরণে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩. বিদেশ প্রশিক্ষণে জনপ্রশাসনে নিয়োজিত কর্মকর্তাদের ক্ষেত্রে আগামী দিনে বাংলাদেশের অবস্থান বিবেচনায় দেশে ও বিদেশে কর্মকর্তাদের কোন কোন বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে সে সম্পর্কে নীতিমালা প্রণয়ন করতে হবে;
৪. বিদেশ প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তারা প্রশিক্ষণ থেকে ফিরে এসে সরকারকে ৩/৪ বছর সার্ভিস দিতে পারে, এমন কর্মকর্তাগণকে প্রশিক্ষণের জন্য মনোনয়ন দিতে হবে।
৫. উচ্চ শিক্ষার জন্য বিদেশে গেলে শিক্ষা গ্রহণ শেষে পুনরায় দেশে ফিরে আসতে হবে;
৬. বিদেশে উচ্চশিক্ষা গ্রহণকারী কর্মকর্তাদের অর্জিত জ্ঞানের ভিত্তিতে যথাযথ স্থানে পদায়ন করতে হবে;
৭. কর্মকর্তাদের বিদেশে উচ্চ শিক্ষার জন্য বা প্রশিক্ষণে গমনের পূর্বে স্বল্পমেয়াদী ইংরেজি প্রশিক্ষণ কোর্স এর ব্যবস্থা করতে হবে;
৮. দেশীয় প্রশিক্ষণে ইংরেজির উপর গুরুত্ব দিতে হবে;
৯. প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোয় যোগ্যতাসম্পন্ন ভাল মানের কর্মকর্তাদের পদায়ন করতে হবে;
১০. প্রশিক্ষণের সিলেবাস যুগোপযোগী করার ব্যবস্থা করতে হবে; এবং
১১. উচ্চশিক্ষার জন্য নির্ধারিত কয়েকটি দেশ ছাড়াও অন্যান্য উন্নত দেশসমূহের সাথে চুক্তি করার কার্যক্রম গ্রহণ করতে হবে।

৭। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Ismat Ara Sadeque

ইসমাত আরা সাদেক এম. পি.
মাননীয় প্রতিমন্ত্রী
জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর-০৫.০০.০০০০.১১১.০৬.০২০.১৭-২৯৭

তারিখ : ১১ চৈত্র, ১৪২৪ / ২৫ মার্চ, ২০১৮

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বি.পি.এ.টি.সি.)/বি.সি.এস.(প্রশাসন) একাডেমি, শাহবাগ ঢাকা;
২. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন/এ.পি.ডি./সি.পি.টি./সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/আইন/বিধি/সংস্কার ও গবেষণা) অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা;
৫. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা;
৬. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
৭. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ ইস্কাটন, ঢাকা;
৮. অতিরিক্ত সচিব (সওব্য-১/সওব্য-৩/সচিবালয় ও কল্যাণ/উন্নয়ন অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়;
৯. পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা;
১০. যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়;
১১. মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
১২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
১৩. উপসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়;
১৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৫. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পি.এ.সি.সি. জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
১৬. মন্ত্রীর সহকারী একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
১৭. প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
১৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা;
১৯. সিনিয়র সহকারী সচিব/সিনিয়র অ্যাসা: অফিসার/সিনিয়র সহকারী প্রধান/সিনিয়র অনুবাদ কর্মকর্তা/সিনিয়র তথ্য অফিসার/তথ্য অফিসার/ হিসাবরক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান/অনুবাদ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা/সহকারী সচিব/সহকারী প্রধান/অ্যাসাইনমেন্ট অফিসার/নথিরক্ষণ কর্মকর্তা/ নবম গ্রেডের কর্মকর্তা (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।

মো: তৌফিক-ই-লাহী চৌধুরী
উপসচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়